# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
# ইউনাইটেড পিপল্স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)
(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
**Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.**
**Email. updfcht@gmail.com Website: www.updfcht.com**


***Ref:*** ***Date:*** *২৪ এপ্রিল ২০২৫*

প্রেস বিজ্ঞপ্তি

## রাঙামাটির সাপছড়িতে ইউপিডিএফ সদস্যের ওপর সন্তু গ্রুপের সশস্ত্র হামলার নিন্দা ও প্রতিবাদ

রাঙামাটি সদর উপজেলার সাপছড়ি ইউনিয়নের যৌথখামার (টিভি মৌন পাড়া) এলাকায় জেএসএস সন্তু গ্রুপের সন্ত্রাসী কর্তৃক এক ইউপিডিএফ সদস্যের ওপর সশস্ত্র হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।

আজ বৃহস্পতিবার (২৪ এপ্রিল ২০২৫) ইউপিডিএফের রাঙামাটি জেলা সংগঠক সচল চাকমা সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে বলেন, আজ বিকাল পৌনে ৫টার সময় আমছড়ির ডেপ্পোছড়ি থেকে ২টি সিএনজি (অটোরিক্সা) যোগে সন্তু গ্রুপের ৬ জনের একটি সশস্ত্র দল যৌথখামার টিভি মৌন পাড়ায় ইউপিডিএফ সদস্য লেটতো চাকমা ওরফে মনযোগ (৪২)-এর বাড়িতে হানা দেয়। এ সময় তিনি বাড়ির উঠানে অবস্থান করছিলেন। সন্তু গ্রুপের সন্ত্রাসীরা তাকে দেখা মাত্র গুলি করতে থাকে। এতে তিনি কোমরে ও হাতে গুলিবিদ্ধ হয়ে গুরুতর আহত হন। হামলার পর সন্ত্রাসীরা পূনরায় ডেপ্পোছড়ির দিকে পালিয়ে যায়।

আহত ইউপিডিএফ সদস্য লেটতো চাকমা যৌথখামার টিভি মৌন পাড়ার রত্ন কুমার চাকমার ছেলে।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা ক্ষোভ প্রকাশ করে বলেন, গত ১৬ মার্চ একই ইউনিয়নের খামারপাড়ায় ইউপিডিএফ সদস্য নির্মল খীসার খুনি সন্তু গ্রুপের সন্ত্রাসীদের গ্রেফতার না করায় তারা আবারও আজকের এই সশস্ত্র হামলা সংঘটিত করার সাহস পেয়েছে। সন্তু লারমা আঞ্চলিক পরিষদের চেয়ারে বসে তার সশস্ত্র সন্ত্রাসীদের লেলিয়ে দিয়ে এ ধরনের ন্যাক্কাজনক হামলা, খুন-খারাবি পরিচালনা করলেও তার বিরুদ্ধে সরকার কোন ব্যবস্থা নিচ্ছে না।

বিবৃতিতে তিনি অবিলম্বে ইউপিডিএফ সদস্যের ওপর হামলার সাথে জড়িত সন্তু গ্রুপের সশস্ত্র সন্ত্রাসীদের গ্রেফতারপূর্বক দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।

বার্তা প্রেরক

নিরনচাকমা

**নিরন চাকমা**
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।